

স্মারকঃ বাউবি/কম্পিউটার/অঃলেঃ/২০২৫/২৭৫

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
৩১ মার্চ ২০২৫ খ্রীষ্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাউবি কেন্দ্রীয় সার্ভার রুমের শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা কাজ না করায় মেইন ক্যাম্পাসে ইন্টারনেট সংযোগ সহ সকল অনলাইন সার্ভিস বন্ধ থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী সহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অদ্য ৩১ মার্চ ২০২৫ দুপুর ০১.০০ ঘটিকায় বাউবি কেন্দ্রীয় সার্ভার রুম সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে সার্ভার রুমের শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা কাজ করছে না। শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা কাজ না করায় সার্ভার রুমের তাপমাত্রা অস্বাভাবিক ভাবে বেড়ে যায়। তাপমাত্রা বেড়ে যাওয়ায় সার্ভার রুমে স্থাপিত স্বয়ংক্রিয় এলার্ম সিস্টেমটি সংকেত দিতে থাকে। কম্পিউটার বিভাগের প্রতিনিধির উপস্থিতিতে ইঞ্জিনিয়ারিং এন্সেট বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধি চেষ্টা করেও সমস্যার সমাধান করতে না পারায় দুর্ঘটনা এড়াতে সার্ভার রুমের সকল সার্ভার, রাউটার, ইউপিএস সহ সকল নেটওয়ার্ক যন্ত্রপাতি বন্ধ রাখা হয়েছে। এতে বাউবি ক্যাম্পাসে ইন্টারনেট সংযোগ ও ভর্তি সংশ্লিষ্ট সকল কার্যক্রম বন্ধ আছে। শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্বাভাবিক হলে সকল কার্যক্রম পুনরায় চালু করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



মোঃ মাসুম বিল্লাহ  
পরিচালক  
কম্পিউটার বিভাগ  
বাউবি, গাজীপুর-১৭০৫।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। রেজিস্ট্রার মহোদয়, বাউবি।
- ২। ডীন/পরিচালক, সকল (.....), বাউবি।  
(বিষয়টি আপনার দপ্তরের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হলো)
- ৩। আঞ্চলিক পরিচালক, সকল (.....), বাউবি।  
(বিষয়টি আপনার অধীনস্থ সকল উপ আঞ্চলিক কেন্দ্র সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হলো)
- ৪। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। একান্ত সচিব, উপ উপাচার্য (শিক্ষা) মহোদয়ের দপ্তর, বাউবি (উপ উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। একান্ত সচিব, উপ উপাচার্য (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাউবি (উপ উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। একান্ত সচিব, ট্রেজারার মহোদয়ের দপ্তর, বাউবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।